দৈনিক সংবাদ

তারিখ ..3 0 JUN. 1997 ..
পৃষ্ঠা: ৭. কলাম ... ৫......

# বরগুনায় শিক্ষক সমিতির প্রতিবাদ সভা অনুষ্ঠিত

বরগুনা, ২৯শে জুন (নিজস্ব সংবাদ-দাতা)।- বাংলাদেশ মাধ্যমিক শিক্ষক সমিতি বরগুনা জেলা শাখার সাংগঠনিক সম্পাদক মোঃ আলতাফ হোসেনের উপর হামলার প্রতিবাদে গত ১৯শে জুন এক প্রতিবাদ সভা বরগুনা আদর্শ বালিকা বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। সমিতির সহসভাপতি মোঃ শাহাবুদ্দিন আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অনতিবিলম্বে হামলাকারীদের গ্রেফতারের দাবি জানানো হয়।

সভায় বক্তব্য রাখেন মাধ্যমিক শিক্ষক সমিতির বরগুনা জেলা শাখার সভাপতি মোঃ শাহজাহান মিয়া, বুড়িরচর উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আঃ খবির মিয়া, পাথরঘাটা, বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আতাহার মিয়া, মো শামসুল হক ও সমিতির সাধারণ সম্পাদক শংকর দেবনাথ।

সভায় বক্তারা বলেন, গত ৭ই জুন একদল চিহ্নিত সন্ত্রাসী বিশিষ্ট শিক্ষাবিদ আলতাফ হোসেনের উপর হামলা চালায়; কিন্তু পুলিশ এ যাবৎ কোন সন্ত্রাসীকে গ্রেফতার করেনি। উপরন্তু সন্ত্রাসীরা একটি বানোয়াট মামলা দায়ের করে আলতাফ হোসেনকে হয়রানি করছে। শিক্ষকরা এ ঘটনার তীব্র নিন্দা এবং প্রকৃত অপরাধীদের গ্রেফতারের দাবি জানান। এ ঘটনার পর গগম মেমোরিয়াল উচ্চ বিদ্যালয়ের ছাত্ররা এক বিক্ষোভ মিছিল করে সন্ত্রাসীদের গ্রেফতারের জন্য জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি প্রদান করে।